General Certificate of Education
June 2005
Advanced Level Examination

**BENGALI** **BEN2**
**Unit 2**

Monday 13 June 2005 1.30 pm to 4.30 pm

| **In addition to this paper you will require:**<br>a 12-page answer book. |
|---|

Time allowed: 3 hours

**Instructions**
- Use blue or black ink or ball-point pen.
- Write the information required on the front of your answer book.
- Answer **all** questions in Section 1 and **two** questions from Section 2.
  Please note that in Section 2 you are not allowed to answer both questions on the same topic.
- All answers are to be written in **Bengali**.
- Do all rough work in the answer book. Cross through any work you do not want marked.

**Information**
- The maximum mark for this paper is 100.
- Mark allocations are shown in brackets.
- You are reminded of the need for clear presentation.
- You must **not** use a dictionary at any time during this examination.
- This unit is divided into two sections:
  Section 1 – 20 marks
  Section 2 – 80 marks

**Advice for Section 2**
- You are strongly advised to write a plan before beginning each answer.
- To obtain high marks you must give details and facts and express your own opinions/draw your own conclusions. At all times you should explain and justify your answers.

# ক বিভাগ

নিচের লেখাটি পড়ে ১ নম্বর প্রশ্নের উত্তর দাও। উত্তর দেওয়ার সময় নিচের লেখা থেকে কোনো অংশ হুবহু নকল করবে না। পুরো বাক্যে উত্তর লেখার দরকার নেই, তবে উত্তরের জন্যে দরকারী তথ্য থাকতে হবে।

## চায়ের গল্প

শিক্ষিত বাঙালিদের একটা খুব আদরের পানীয় হলো চা। নিজেরা চা খায়। কেউ বাড়িতে গেলে প্রথমেই জিজ্ঞেস করে: চা খাবেন? চায়ের জন্ম চীন দেশে। সে জন্যে চায়ের বৈজ্ঞানিক নাম: ক্যামেলিয়া সিনেনসিস অর্থাৎ চীন দেশের ক্যামেলিয়া। চীনের সঙ্গে বঙ্গদেশের যোগাযোগ প্রায় দু হাজার বছরের। অনেক চীনা পর্যটক আর দূত এসেছেন বাংলায়। বাঙালিরাও গেছেন চীনে। কিন্তু আশ্চর্যের বিষয়, বঙ্গদেশে চা চালু করেন ইংরেজরা। লন্ডনে প্রথম চায়ের দোকান স্থাপিত হয় ১৬৫৭ সালে। তারপর সেখান থেকে ঈস্ট ইন্ডিয়া কম্পেনির কর্মচারীরা চা নিয়ে আসেন বঙ্গদেশে। তাঁরা বাংলায় চা শব্দটা প্রবর্তন করেন, তার প্রমাণ মেলে জন মিলারের "সিক্ষ্যাগুরূ" নামে একটা বই থেকে। এ বই প্রকাশিত হয় ১৭৯৭ সালে। এতে সাহেবের দেওয়ান এবং চাকরের মধ্যে একটি সংলাপ আছে:

> "দেওয়ান: খবর দে তোর সাহেবকে। জে দেওয়ানজি আসিয়াছে।
> চাকর: আমি আমার সাহেবকে খবর দিয়াছি তিনি কহিলেন তাহাকে বসিতে দেও। আমি চা খাইয়া আশীবো।"

কিন্তু কলকাতায় চা পাওয়া গেলেও, ভারতবর্ষে চা জন্মে, ১৮২৩ সালের আগে এ তথ্য জানা ছিলো না। ঐ বছর আসামে হিমালয়ের গায়ে চায়ের গাছ আবিষ্কৃত হয়। বুনো গাছ হিশেবেই এগুলো জন্মেছিলো। এর এগারো বছর পরে গভর্নর-জেনারেল ভারতবর্ষে চায়ের ব্যবসা করার অনুমতি দেন। তারপর ধীরে ধীরে শুরু হয় চা বাগানের কাজ। মালিকরা লাভের ব্যবসা হিশেবে এ দেশে শস্তায় চা উৎপাদন করে তা রপ্তানি করতো বিলেতে।

বাঙালিরা কখন থেকে চা খেতে শুরু করেন, তার স্পষ্ট প্রমাণ পাওয়া যায় না। তবে শহরের ইংরেজি শিক্ষিতদের মধ্যেই প্রথমে চা খাওয়ার রীতি চালু হয়েছিলো। প্রভাত মুখোপাধ্যায় একটি গল্প লিখেছিলেন ১৮৮০-এর দশক নিয়ে। তাতে চা খাওয়ার বিলাসিতা নিয়ে এক রায়বাহাদুর বই লেখার প্রস্তাব দিয়েছিলেন। আর, রবীন্দ্রনাথ ঠাকুরও তাঁর "চোখের বালি" উপন্যাসে চা খাওয়ার কথা লিখেছিলেন ১৯০২ সালে।

চা খাওয়ার রীতি শহরের লোকেদের মধ্যে দ্রুত ছড়িয়ে পড়েছিলো। কিন্তু এটাকে অনেকে ভালো চোখে দেখতেন না। প্রফুল্লচন্দ্র রায় ছিলেন খুব দেশ-দরদী বিজ্ঞানী। তিনি ১৯২০-এর দশকে "চা পান, না বিষ পান?" নামে একটি বই প্রকাশ করেছিলেন। কিন্তু তাঁর আশঙ্কা সত্ত্বেও চা পান ধীরে ধীরে জনপ্রিয়তা অর্জন করে। এখন বাংলাদেশের শহরে-গ্রামে সব জায়গাতেই লোকে চা খায়। আর বিজ্ঞানীরা এই মত দিয়েছেন যে, চা স্বাস্থ্যের জন্যে আদৌ খারাপ নয়। চা বরং আমাদের উপকারই করে।

১ সংক্ষেপে নিচের প্রশ্নগুলির উত্তর দাও:

ক. বঙ্গদেশে কিভাবে এবং কোথা থেকে চা এসেছিলো? ২

খ. জন মিলারের বই থেকে তখন কারা চা খেতো বলে নিশ্চিত প্রমাণ পাওয়া যায়? ১

গ. বঙ্গদেশে কিভাবে চায়ের ব্যবসা চালু হয় ? দুটি বিষয় লেখো। ২

ঘ. বাঙালিদের মধ্যে কখন থেকে চা খাওয়া শুরু হয়? কি থেকে তা বোঝা যায়? ২

ঙ. বাঙালিরা প্রথম দিকে চা পানকে কিভাবে দেখতেন? দুটি বিষয় লেখো। ২

চ. এখন বাঙালিরা চা-কে কোন দৃষ্টিতে দেখেন? ১

২. নিচের লেখাটি বাংলায় অনুবাদ করো: ১০

It is said that the Chinese Emperor, Shen Nung, discovered tea in 2737 BC. He was sitting beneath a tree while his servant was boiling drinking water. A leaf from the tree dropped into the water. As he was very interested in trees, plants, fruits and flowers, the Emperor became curious and wanted to see what the water would taste like after a while. He first asked his servant to taste it. He then tried it himself. Tea is now a very popular drink all over the world, particularly in the Indian subcontinent. Both India and Bangladesh produce a large amount of tea. In fact, India is one of the main tea growers and exports 14% of the world's tea. It produces tea of different flavours, Darjeeling being the favourite to tea drinkers. Bangladesh produces its tea mainly in Sylhet and exports a large amount to other countries.

নিচের দুই বিভাগ থেকে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ইচ্ছা করলে তুমি এক বিভাগ থেকেও দুটি প্রশ্নের উত্তর দিতে পারো। প্রতিটি উত্তর অন্তত ২৫০টি শব্দে লিখতে হবে।
প্রতিটি প্রশ্নের জন্যে ৪০ মার্ক। দুটি প্রশ্নের জন্যে মোট মার্ক ২X৪০ = ৮০

## খ বিভাগ

(সাহিত্যের সঙ্গে যুক্ত নয়, এমন প্রসঙ্গ)

### বাংলাদেশের উদ্ভব

৩ (ক) পূর্ব বাংলার ভাষা আন্দোলন সম্পর্কে একটি প্রবন্ধ লেখো। প্রসঙ্গত এই আন্দোলনের ফলে রাজনীতির উপর যে-প্রভাব পড়েছিলো, তা বর্ণনা করো।

*অথবা*

(খ) ১৯৫০ ও ১৯৬০-এর দশকে পূর্ব পাকিস্তানে যে-জাতীয়তাবাদী আন্দোলন দানা বেঁধেছিলো, তার পরিচয় দিয়ে একটি প্রবন্ধ লেখো।

### বাংলা সিনেমা ও গান

৪. (ক) একজন বাংলা সিনেমা পরিচালক সম্পর্কে একটি প্রবন্ধ লেখো। এতে তিনি কি কি ছবি তৈরি করেছেন এবং তার দোষগুণ কি, সে সম্পর্কে মন্তব্য করবে।

*অথবা*

(খ) বিভিন্ন ধরনের বাংলা গানের পরিচয় দিয়ে একটি প্রবন্ধ রচনা করো। কোন ধারার গান তোমার সবচেয়ে ভালো লাগে?

### ব্রিটেনে বাঙালি

৫. (ক) ব্রিটেনে যে-বাঙালি তরুণতরুণীরা বাস করে, প্রতিদিনের জীবনে তারা যেসব সমস্যার মুখোমুখী হয়, তার পরিচয় দিয়ে একটি প্রবন্ধ লেখো।

*অথবা*

(খ) পরিবার এবং সমাজে ব্রিটেনের বাঙালি মহিলাদের অবস্থান নিয়ে একটি তথ্যপূর্ণ প্রবন্ধ লেখো।

Turn over ▶

# গ বিভাগ

(সাহিত্যবিষয়ক প্রসঙ্গ)

## বাংলাদেশ এবং পশ্চিম বাংলার উপন্যাস

৬. (ক) তোমার পড়া একটি উপন্যাসের নায়িকার চরিত্র বর্ণনা করো। প্রসঙ্গত চরিত্রটি কতোটা বাস্তবধর্মী এবং তা তোমার কেমন লেগেছে, সে সম্পর্কে মন্তব্য করো।

*অথবা*

(খ) তোমার প্রিয় উপন্যাস-লেখক কে? তাঁর কোন কোন উপন্যাস পড়েছো এবং তাঁর উপন্যাস তোমার কেন ভালো লাগে, সে সম্পর্কে মন্তব্য করে একটি প্রবন্ধ লেখো।

## বাংলা কবিতা ও নাটক

৭. (ক) তোমার পড়া কবিতা অবলম্বনে একজন বাঙালি কবির পরিচয় দাও। প্রসঙ্গত তাঁর কবিতা কেমন সে সম্পর্কে মন্তব্য করো।

*অথবা*

(খ) তোমার দেখা অথবা তোমার পড়া একটি বাংলা নাটকের সমালোচনা করে পত্রিকায় একটি চিঠি লেখো।

## বাংলা প্রবন্ধ সাহিত্য

৮. (ক) নারীমুক্তি সম্পর্কে লেখা যে-কোনো একটি বাংলা প্রবন্ধের বই নিয়ে আলোচনা করো।

*অথবা*

(খ) সাম্প্রতিক বাংলা প্রবন্ধ সাহিত্য সম্পর্কে সাধারণ পরিচয় দিয়ে একটি প্রবন্ধ লেখো।

**END OF QUESTIONS**

Copyright © 2005 AQA and its licensors. All rights reserved.